গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

সংসদ ও সমন্বয় শাখা

## ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিত জানুয়ারি ২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোস্তফা কামাল<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ২৮-০২-২০২৪ |
| সভার সময় | সকাল ১০: ৩০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি কর্তৃক সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সভায় উপস্হিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সংস্থাসমূহের প্রধানগণ, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী অনুমোদন** | কোন সংশোধনী না থাকায় গত ২৬-১২-২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | গত ২৮-০১-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী আলোচনাপূর্বক কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ বা নিশ্চিত করা হলো। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | **বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি** | মন্ত্রণালয়ের APA টিম লিডার সভায় সকল দপ্তর/সংস্থার প্রধানগণকে ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের মাধ্যমে সঠিক সময়ে তথ্য দিয়ে সহায়তা করার ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া এপিএ, শুদ্ধাচার, সেবাপ্রদান প্রতিশ্রুতি এবং অভিযোগ প্রতিকার সঠিক সময়ে ওয়েবসাইটে দাখিল করা হচ্ছে। শুদ্ধাচারের বিষয়ে চবক এবং টিসি থেকে কোন প্রতিবেদন পাওয়া যায়নি। উক্ত সংস্থা থেকে প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | ১. বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি এর কোয়াটার ভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয়, দপ্তর/সংস্থা সকল এপিএ টীম নিয়মিত সভা করবে।<br>২. বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি এর ২০২৩/২৪ ৩য় কোয়াটারের লক্ষ্যমাত্রা অর্জনে মন্ত্রণালয়, সকল দপ্তর/সংস্থার যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩. এপিএ লক্ষ্যমাত্রা অর্জনে কোন প্রতিবন্ধকতা দেখা দিলে তা দ্রুত দপ্তর প্রধানদের নজরে আনতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান (সকল)।<br>২.এপিএ টীম লিডার নৌপম। |
| ৩. | **ই-নথি ব্যবস্থাপনা, ইনোভেশন এবং ওয়েবসাইট হালনাগাদকরণ** | সিস্টেম এনালিস্ট নৌপম সভায় মন্ত্রণালয় ও দপ্তর সংস্থাসমূহের ই-নথি/ডি-নথি কার্যক্রমের মাসিক প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, ক. ই-গর্ভনেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ৮৫% ফাইল ই-নথিতে সম্পাদন নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে নৌপরিবহন মন্ত্রণালয় জানুয়ারি মাসে ৯৪.৫০% ফাইল ই-নথিতে সম্পন্ন করেছে। সংস্থা সমূহের অগ্রগতি সন্তোষজনক। সংস্থা সমূহের মধ্যে নৌপরিবহন অধিদপ্তর ১০০% ফাইল ই-নথিতে এবং ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট ১০০% ফাইল ডি- | ১. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ই-নথি/ডি-নথিতে নথি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। হার্ডকপিতে নথি নিষ্পত্তি না করে ই-নথিতে নিষ্পত্তি করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ।<br>২. সিস্টেম এনালিস্ট, নৌপম।<br>৩. ইনোভেশন টিম, নৌপম<br>৪. যুগ্মসচিব, (প্রশাসন) নৌপম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নথিতে নিষ্পন্ন সম্পন্ন করেছে।<br>তিনি আরো জানান যে, বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ই-নথি থেকে ডি-নথিতে স্থানান্তর করতে ১০ জানুয়ারি ২০২৪ তারিখে এটুআই কে পত্র প্রদান করা হয়। যোগাযোগ করা হলে এটুআই থেকে জানানো হয় যে, দপ্তর/সংস্থায় ডি-নথি বাস্তবায়ন করা হচ্ছে। জানুয়ারি ২০২৪ এর মধ্যে মন্ত্রণালয়ে ডি-নথি কার্যক্রম চালু করার পরিকল্পনা রয়েছে।<br><br>সভাপতি নৌপরিবহন মন্ত্রণালয়ে ডি-নথি ব্যবহারের উদ্যোগ গ্রহণ করতে নির্দেশনা প্রদান করেন। | | |
| ৪. | **অডিট আপত্তি নিষ্পত্তিকরণ** | উপসচিব (প্রশাসন) সভায় জানান যে, দপ্তর/সংস্থার বর্তমানে সাধারণ আপত্তির মোট সংখ্যা ৪৬৭টি, অগ্রিম আপত্তির মোট সংখ্যা ৮৪০টি, খসড়া (সংকলন) আপত্তির মোট সংখ্যা ১৬৩টি, মোট আপত্তির সংখ্যা ১৪৭০ ও জড়িত টাকা পরিমান ১৪৮৫৬.৪৮১৫ (চৌদ্দ হাজার আটশত ছাপান্ন কোটি আটচল্লিশ লক্ষ পনের হাজার টাকা মাত্র)। মোট নিষ্পত্তি (সাধারণ ১৫টি+অগ্রিম ২০টি) ৩৫টি, মোট নিষ্পত্তির পরিমাণ ২৯৫.৮৭৭৮ (দু্ইশত পচানব্বই কোটি সাতাশি লক্ষ আটাত্তর হাজার টাকা মাত্র)। | ১. নিয়মিত দ্বিপক্ষীয় এবং ত্রিপক্ষীয় সভা আহবান অব্যাহত রাখতে হবে।<br>২. সকল দপ্তর/সংস্থার পরবর্তী সবচেয়ে বড় (টাকার অংকে) অডিট আপত্তি নিস্পত্তির ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>৩. ঢাকার বাহিরে অবস্থিত দপ্তর/সংস্থার বেশী সংখ্যক অডিটআপত্তি নিয়ে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা করে তা নিষ্পত্তির জন্য নির্ধারণ করতে হবে। | ১. সকল দপ্তর/ সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব (অডিট ও আইন) অধিশাখা নৌপম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপসচিব (আইন ও অডিট) সভায় জানান প্রতিটি দপ্তর/সংস্থার সর্বোচ্চ আর্থিক সংশ্লেষ থাকা ৫টি অডিট আপত্তি নিয়ে সভা করা হয়েছে; তার অধিকাংশ নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির সুপারিশ ও সংস্থা কর্তৃক প্রেরিত প্রমাণকের আলোকে পরিবহন অডিট অধিদপ্তর থেকে পর্যায়ক্রমে নিষ্পত্তিপত্র আসছে। প্রতিটি দপ্তর/সংস্থার নিষ্পত্তিযোগ্য অডিট আপত্তি (অগ্রিম) এর তালিকাসমূহ কার্যপত্র দ্রুত মন্ত্রণালয়ের অডিট শাখায় প্রেরণ করার জন্য সিনিয়র সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করে পর্যায়ক্রমে ত্রিপক্ষীয় সভার আয়োজন করে অডিট আপত্তি নিষ্পত্তির ধারা অব্যাহত রাখতে হবে। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ সভায় জানান, তার দপ্তরের অডিটআপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন। সভাপতি ত্রিপক্ষীয় সভার আয়োজন করে অডিট আপত্তি নিষ্পত্তি করার ধারা অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | **দেওয়ানী ও রিট মামলা সংক্রান্ত তথ্য** | উপসচিব (অডিট ও আইন) সভায় জানান যে, প্রতিবেদনাধীন মাস (জানুয়ারি) পর্যন্ত মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সর্বমোট মামলা ৬১৪টি। তন্মধ্যে ৫৩০ টির জবাব দাখিল করা হয়েছে। তার মধ্যে সরকারের পক্ষ্যে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ২টি।<br>আলোচনায় অংশ নিয়ে মহাপরিচালক (নৌপরিবহন অধিদপ্তর) সভায় জানান<br>যে, WTC সংক্রান্ত মামলায় নৌপরিবহন অধিদপ্তর পক্ষভুক্ত না হওয়ায় আপিল করার সুযোগ নেই। তাছাড়া কোন আইন কর্মকর্তা না থাকায় মামলার জবাব দাখিল করতে বিলম্ব হচ্ছে ফলে মামলার জট বেড়ে গেছে।<br><br>**মামলাসমূহ নিষ্পত্তিতে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়।** | ১. মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা জড়িত মামলায় সরকার পক্ষের মামলার জবাব নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে হবে।<br>২. অনিষ্পন্ন মামলা সমূহ নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব (অডিট ও আইন) অধিশাখা ,নৌপম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | **তথ্য অধিকার আইন (আরটিআই)** | উপসচিব (প্রশাসন-১) সভায় জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নির্দেশনা মোতাবেক তথ্য অধিকার আইন ২০০৯ এর অধীনে স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য সমূহের ১) ৫ ধারা মোতাবেক তথ্যাবলীর ক্যাটাগরি ও ক্যাটালগ এবং ২) স্বপ্রনোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা প্রতিনিয়ত হালনাগাদ করা হয়।<br><br>সভাপতি তথ্য অধিকার আইনের আওতায় কোন আবেদন পাওয়া গেলে বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি নির্দেশনা প্রদান করেন। | ১. তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।<br>২. তথ্য অধিকার সংক্রান্ত প্রতিবেদন নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ এবং ওয়েবসাইট আপলোড করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. মন্ত্রণালয়েরে এ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| ৭ | **নাম পদবি ব্যবহার সংক্রান্ত** | **বিআইডব্লিউটিসি'র অর্গানোগ্রামভুক্ত সচিব, উপসচিব ও সহকারী সচিব পদনাম এর পরিবর্তে উপযুক্ত পদনাম সংশোধনপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট অনুসারে ০৩-১০-২০২৩ তারিখে পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বিআইডব্লিউটিএ' র প দনাম/পদবি পরিবর্তনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে গত ১৬-০৮-২০২২ তারিখে অনুমোদন পাওয়া যায়। এ প্রেক্ষাপটে বিআইডব্লিউটিএ'র** | মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১. প্রশাসন অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয় ও চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন/ চবক/মোবক/পাবক/ বাস্হবক ও বিআইডব্লিউটিএ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পদনাম/পদবি পরিবর্তনের বিষয়ে অর্থ বিভাগের সম্মতি গ্রহণের নিমিত্ত গত ১৪-০২-২০২৩ তারিখ অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে অর্থ বিভাগ ৩১-০৮-২০২৩ তারিখে বিআইডব্লিউটিএ’র বিভিন্ন পদনাম পরিবর্তনের সম্মতি জ্ঞাপন করে। এ প্রেক্ষাপটে অর্থ বিভাগের সম্মতি পত্রের ‘ক’ শর্ত মোতাবেক প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদনের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের চেকলিস্ট অনুযায়ী প্রস্তাব প্রেরণের জন্য বিআইডব্লিউটিএ - কে গত ১২-০৯-২০২৩ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। এখনো প্রস্তাব পাওয়া যায়নি।<br>জাতীয় নদী রক্ষা কমিশনের পদনাম/পদবি পরিবর্তনের জিও জারীর জন্য অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মতে ধারাবাহিকভাবে সমন্বয় সাধনের মাধ্যমে সকল দপ্তর/সংস্থার নাম পদবি ব্যবহার সংক্রান্ত কার্যক্রম সম্পন্নের জন্য সভাপতি অনুরোধ করেন। | | |
| ৮ | **শূন্যপদ পূরণ সংক্রান্ত** | উপসচিব (প্রশাসন) সভায় জানান জনপ্রশাসন | ১। মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থা সমূহ শূন্যপদ পূরণে | ১. সকল দপ্তর/ সংস্থা প্রধান।<br>২.মহাপরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মন্ত্রণালয়ের ০৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের পরিপত্রের আলোকে দপ্তর/সংস্থার বিভিন্ন পদে নিয়োগ দ্রুত নিষ্পন্ন করতে হবে। আলোচনায় অংশ নিয়ে টিসি চেয়ারম্যান বলেন, নিয়োগের বিষয়ে মন্ত্রণালয়সহ পিএসসিতে যোগাযোগ অব্যাহত রয়েছে। নৌপরিবহন অধিদপ্তরের মহাপরিচালক বলেন, লোকবল নিয়োগের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। মহাব্যবস্থাপক (বিএসসি) বলেন, প্রতিষ্ঠানের ব্যবসা পরিচালনার জন্য একটি নতুন উইং এবং প্রয়োজনীয় জনবল দরকার। সভাপতি বিএসসি'র কার্যক্রম পরিচালনার নিমিত্ত উপযুক্ত সংখ্যক জনবল নির্ধারণ করতে এবং অস্ট্রেলিয়ার সাথে বিনিয়োগের জন্য যে আলোচনা চলছে তাতে দেশের স্বার্থ সুরক্ষিত রাখতে পরামর্শ প্রদান করেন। সভাপতি প্রযোজ্য ক্ষেত্রে সরাসরি জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখা এবং সকল দপ্তর/সংস্থায় দ্রুত নিয়োগ কার্যক্রম শেষ করতে নির্দেশনা প্রদান করেন। তিনি সকল মেরিন একাডেমীর জনবল নিয়োগের ছাড়পত্র একত্রে প্রদান করতে | কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>২। পিএসসি'র ছক মোতাবেক রিকুইজিশন দ্রুত প্রেরণ করতে হবে। | নৌপরিবহন অধিদপ্তর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নির্দেশনা প্রদান করেন। | | |
| ৯ | বিবিধ: | | | |
| | **৯.১ বিআইডব্লিউটিএর ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ সংক্রান্ত।** | উপসচিব (টিএ) সভায় জানান যে, নৌপরিবহন মন্ত্রণালয়ের সাবেক অতিরিক্ত সচিব (সংস্থা- ১) জনাব এস এম ফেরদৌস আলম-কে গঠিত কমিটির আহবায়ক হিসেবে দায়িত্ব প্রদান করা হয়। গত ২২-১১-২০২২ তারিখে কমিটির আহবায়কের সভাপতিত্বে সংশ্লিষ্টদের নিয়ে একটি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যস্থতায় দীর্ঘদিন যাবৎ বিরাজমান এ বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে গত ২১-০৬-২০২৩ তারিখে প্রস্তাব প্রেরণ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সংস্কার ও সমন্বয়) মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগে গত ১৭-১০-২০২৩ তারিখে এক সভা অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, ১৭-১০-২০২৩ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি'র ১ম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে গঠিত উপ-কমিটির | বিআইডব্লিউটিএ'র বিরোধপূর্ণ ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে দ্রুত মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সমন্বয় করে দ্রুত বিরোধ নিষ্পত্তি করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ ও ২.উপসচিব (টিএ), নৌপম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১ম সভা ১৫-১১-২০২৩ তারিখে, ২য় সভা ৭-১২-২০২৩ তারিখে এবং ৩য় সভা ০১-০১-২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। গত ৩১-০১-২০২৪ তারিখে আন্ত:মন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি'র ২য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ১৫-০২-২০২৪ তারিখে বিআইডব্লিউটিএ বরাবর প্রেরণ করা হয়েছে।<br>**সভাপতি দ্রুত মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সমন্বয় করে বিরোধ নিষ্পত্তির জন্য নির্দেশনা প্রদান করেন।** | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | **৯.২ বিভাগীয় মামলার তথ্য প্রেরণ।** | উপসচিব (প্রশাসন) জানান যে, প্রতিবেদনাধীন মাসে (জানুয়ারি, ২০২৪) ৪টি মামলা চলমান রয়েছে এবং ০১টি নিষ্পত্তি হয়েছে। নতুন কোন মামলা দায়ের হয়নি। ১টি মামলার তদন্ত প্রতিবেদন চূড়ান্ত আদেশের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। ১টি মামলা তদন্ত প্রতিবেদনের জন্য অপেক্ষমাণ। ১টি মামলায় ২য় কারণ দর্শানো নোটিশ জারী করা হয়েছে। ১টি মামলার জন্য নৌপরিবহন অধিদপ্তর হতে তথ্য চাওয়া হয়েছে।<br><br>সভাপতি দপ্তর/সংস্থাপ্রধানগণকে তাদের বিভাগীয় মামলার বিষয়টি দ্রুত নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করেন। | পুনঃতদন্তের এবং তদন্তের জন্য অপেক্ষামান বিভাগীয় মামলা সমূহের তদন্তকারী কর্মকর্তাগণ দ্রুত প্রতিবেদন পেশ করবেন। | ১. উপসচিব, (প্রশাসন-১ শাখা),<br>নৌপম।<br>১. সকল দপ্তর/সংস্থা প্রধানগণ |
| | **৯.৩ মন্ত্রণালয়ের ২০২৩-২৪ সালের বাজেট বাস্তবায়ন** | অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান যে, সংশোধিত বাজেট সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। | যথাযথভাবে মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থ বৎসরের বাজেট বাস্তবায়ন করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব, বাজেট শাখা, নৌপম। |
| | **৯.৪ বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো অনুমোদন** | উপসচিব (টিএ) জানান যে, গত ০৫-০৩-২০২৩ তারিখে বিআইডব্লিউটিএ'র প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো যাচাই-বাছাই/পর্যালোচনা করার জন্য যুগ্মসচিব(টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়-কে আহ্বায়ক করে ৪(চার) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। | ১। বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। বিআইডব্লিউটিএ আইন দ্রুত প্রেরণ করতে হবে।<br><br>৩। অভ্যন্তরীণ নৌবন্দর আইন মন্ত্রণালয়ে আগামী ১০ মার্চ ২০২৪ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ ২. উপসচিব/সস (টিএ), নৌপম। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | কমিটি এ যাবত বিআইডব্লিউটি'র ১৭টি বিভাগের কর্মকর্তাদের সাথে ৪টি সভা করেছে। এ সব সভায় বিআইডব্লিউটি'র সাংগঠনিক কাঠামো পর্যালোচনা করা হয়েছে। গত ১৭-০৯-২০২৩ তারিখে কমিটি চূড়ান্ত প্রতিবেদন সিনিয়র সচিব বরাবর দাখিল করে এবং ২৪-০৯-২০২৩ তারিখে দাখিলকৃত প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিআইডব্লিউটিএ বরাবর প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, নৌপরিবহন মন্ত্রণালয়ে গত ২৮-০১-২০২৪ তারিখে অনুষ্ঠিত ডিসেম্বর/২০২৩ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ৯.৪ এর সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের বিষয়টি উল্লেখ ছিল। কিন্তু বিআইডব্লিউটিএ হতে এখন পর্যন্ত উক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের কোন অগ্রগতি প্রেরণ করা হয়নি। কার্যবিবরণীর ৯.৪ এর সিদ্ধান্তসমূহ টিএ শাখা সংশ্লিষ্ট। সে প্রেক্ষিতে উক্ত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নপূর্বক এ মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিআইডব্লিউটিএ-কে পুনরায় অনুরোধের লক্ষ্যে নথি উপস্থাপন করা হয়েছে। | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **সভাপতি আঞ্চলিক কার্যালয় স্থাপনে ফেজওয়ারি প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।** | | |
| | **৯.৫ স্থলবন্দরের সাংগঠনিক কাঠামো অনুমোদন** | উপসচিব (স্থলবন্দর) জানান যে, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে ১৫ মে ২০২৩ তারিখে সাংগঠনিক কাঠামোর তফসিল-১ সংশোধনের বিষয়টি অনুমোদিত হয়েছে। ভেটিংয়ের জন্য লেজিসলেটি ও লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>**সভাপতি সাংগঠনিক কাঠামো অনুমোদনের জন্য নির্দেশনা প্রদান করেন।** | স্থলবন্দর কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামো অনুমোদনে লক্ষ্যে আইন মন্ত্রণালয়ে সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১. চেয়ারম্যান (বাস্থবক)<br>২. উপসচিব/সিনিয়র সহকারী সচিব (বাস্থবক), নৌপম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | **৯.৬ পাবকের সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ** | পায়রা বন্দর কর্তৃপক্ষের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সাংগঠনিক কাঠামোতে ১৮৪ ক্যাটাগরির ৭৬০টি পদ সৃজনের জন্য গত ০৫-১০-২০২৩ নৌপরিবহন মন্ত্রণালয় হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় বিভিন্ন ক্যাটাগরি ৯৫টি পদ সৃজনে সম্মতি জ্ঞাপন করে। এর মধ্যে নির্বাহী ম্যাজিস্ট্রেট এর ০১ (এক)টি পদ স্থায়ীভাবে এবং বিভিন্ন ক্যাটাগরির ৯৪ (চুরানব্বই)টি পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনের জন্য শর্তসাপেক্ষে সম্মতি প্রদান করে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতিপত্রের শর্তানুসারে অর্থ মন্ত্রণালয়ের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অণুবিভাগ কর্তৃক পদ সৃজনের চেকলিস্ট অনুসারে প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণের জন্য ২১-০১-২০২৪ তারিখে পাবক-কে অনুরোধ করা হয়েছে। পাবক হতে তথ্যাদি পাওয়ার প্রেক্ষিতে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণের জন্য নথির কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি দ্রুত সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ করতে নির্দেশনা প্রদান করেন। | পাবকের সাংগঠনিক কাঠামো দ্রুত হালনাগাদকরণ করতে হবে। | ১. চেয়ারম্যান (পাবক)<br>২. উপসচিব, পাবক, নৌপম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | **৯.৭ বিআইডব্লিউটিএ’র আওতাধীন সকল নদীবন্দরের ফোরশোর সমূহের মেয়াদ বৃদ্ধি** | **বিআইডব্লিউটিএ’র নদী বন্দর সমূহের ফোরশোর (তীরভূমি) বিআইডব্লিউটিএ’র অনুকূলে হস্তান্তরের বিষয়ে ২৪-০৯-২০২৩ তারিখে ভূমি মন্ত্রণালয়-কে অনুরোধ করা হয় এবং ২২-০১-২০২৪ তারিখে ভূমি মন্ত্রণালয়-কে তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট শাখার সাথে যোগাযোগ অব্যাহত আছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ বরাবর ডিও পত্র প্রেরণের লক্ষ্যে নথি উপস্থাপন করা হয়েছে।**<br><br>সভাপতি ভূমি মন্ত্রষণালয় এবং সংশ্লিষ্ট সকল জেলা প্রশাসক-কে পত্র প্রদান করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। ভূমি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রেখে ফোর শোরসমূহের হস্তান্তর গ্রহণ ও মেয়াদ বৃদ্ধি করতে হবে।<br><br>২। সংশ্লিষ্ট জেলা প্রশাসককে ডিও পত্র দিতে হবে। | ১. চেয়ারম্যান (টিএ)<br>২. উপসচিব/সহকারী সচিব (টিএ), নৌপম। |

| | | | | |
|---|---|---|---|---|
| | **৯.৮ স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধাণমালা হালনাগাদকরণ** | স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধানমালাহালনাগাদ করণের লক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে ২৯-১১-২০২৩ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। গত ০৯-০১-২০২৪ তারিখে প্রবিধানমালার সংশোধনী প্রস্তাবজনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। কার্যক্রম চলমান রয়েছে।<br><br>সভাপতি দ্রুত প্রবিধানমালা হালনাগাদকরণ শেষ করতে নির্দেশনা প্রদান করেন। | স্থলবন্দর পরিচালনা ও ব্যবস্থাপনা প্রবিধানমালা হালনাগাদকরণ করতে হবে। | ১. চেয়ারম্যান (বাস্থবক)<br>২. উপসচিব (বাস্থবক), নৌপম |
| | **৯.৯ যাত্রীবাহী নৌযানসহ সকল জ্বালানী ও দাহ্য পদার্থ পরিবহনকারী নৌযানে ফায়ার সেফটি ব্যবস্থা নিশ্চিতকরণ** | জাতীয় সম্পদ রক্ষা ও জীবনহানি হ্রাসে যাত্রীবাহী নৌযানসহ সকল প্রকার জ্বালানী ও দাহ্য পরিবহনকারী নৌযানসমূহের জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স হতে ফায়ার সেফটি প্ল্যান অনুমোদন ও তদনুযায়ী অগ্নিনির্বাপনী ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহিত ব্যবস্থা যথাশীঘ্র সম্ভব এ মন্ত্রণালয়-কে অবহিত করার জন্য গত ২৭-১১-২০২৩ তারিখে চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, বিআইডব্লিউটিএ ও মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর-কে অনুরোধ করা হয়েছে। এ প্রেক্ষাপটে, যাত্রীবাহী নৌযানসহ সকল প্রকার জ্বালানী ও দাহ্য | যাত্রীবাহী নৌযানসহ সকল জ্বালানী ও দাহ্যপদার্থ পরিবহনকারী নৌযানে ফায়ার সেফটি ব্যবস্থা নিশ্চিতকরণ করতে হবে। | ১. চেয়ারম্যান (টিএ, টিসি)<br>১. অতিরিক্ত সচিব (সংস্থা-১)<br>৩. মহাপরিচালক (নৌপরিবহন অধিদপ্তর)।<br>৪. সকল দপ্তর/সংস্থা প্রধান। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিবহনকারী নৌযানসমূহের জন্য ফায়ার সেফটি প্ল্যান গ্রহণ ও বাস্তবায়নের বিষয়টি সুরক্ষা সেবা বিভাগের Rules of Business এর সাথে যায়না মর্মে 'নৌপরিবহন মন্ত্রণালয় মনে করে' যা গত ২২-০১-২০২৪ তারিখে সুরক্ষা সেবা বিভাগকে অবহিত করা হয়েছে। আলোচনায় অংশ নিয়ে চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ বলেন, যে সকল জাহাজে সার্ভে সঠিক আছে সেগুলোর ননপ্রোফাইল সার্ভের প্রয়োজন হয়না। কিন্তু এখন থেকে সকল জাহাজেরই সার্ভে করতে হবে। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর জনান, যে কোন প্রোফাইল ও ননপ্রোফাইল জাহাজ ৪৫(পয়তাল্লিশ) দিনের মধ্যে সার্ভে সম্পন্ন করা হবে। এ ছাড়াও নিরাপত্তার জন্য জাহাজে ফায়ারহাইডেন্ট স্থাপনের বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করা হবে।<br>সভাপতি ফিটনেস বিহীন কোন জলযান বিশেষ করে কোন ফেরি না চলার প্রতি গুরুত্বারোপ করেন। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | **অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ।** | উপসচিব (প্রশাসন) জানান যে, দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থা প্রধানগণ সভাকে অবহিত করার অনুরোধ করেন। দপ্তর ও সংস্থা সমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থাপ্রধানগণ সভাকে অবহিত করেন।<br>সভাপতি দপ্তর/সংস্থা সমূহের অনিষ্পন্ন কাজ দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তি করার জন্য অনুরোধ করেন। | সকল দপ্তর ও সংস্থার প্রধানগণকে দ্রুত অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ করতে হবে। | ১. দপ্তর/সংস্থা প্রধানগণ<br>২. অতিরিক্ত সচিব (সকল), নৌপম |

১১। সভাপতি মোংলা বন্দরের সিবিএ নির্বাচন উপলক্ষ্যে সংশ্লিষ্টদের সার্বিক বিষয়ে খেয়াল রাখার পরামর্শ প্রদান করেন।

১২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোস্তফা কামাল
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩২.০৬.০০১.২৩.১৩

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩০
০৭ মার্চ ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) নৌপরিবহন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা

২) নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা

৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

মোঃ কুতুব উল আলম
সিনিয়র সহকারী সচিব